এবার কংগ্রেস সম্পাদকের পদত্যাগ

পদত্যাগের মিছিলে যোগ দিয়েছেন কংগ্রেসের আরেক নেতা। দলের সভাপতি রাহুল গান্ধীর পথ ধরে রবিবার পদত্যাগের ঘোষণা দিয়েছেন সাধারণ সম্পাদক জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।

একইদিন পদত্যাগের ঘোষণা দেন কংগ্রেসের মুম্বাই প্রধান মিলন্দ দেওরা। মিলিন্দ দেওরার পদত্যাগের কয়েক ঘণ্টা পরই একই ঘোষণা দিলেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।
এক টুইট বার্তায় জ্যোতিরাদিত্য বলেন, জনগণের রায় মেনে নিয়ে ও নিজের কাঁধে পরাজয়ের ভার নিয়ে আমি রাহুল গান্ধীর কাছে পদত্যাগপত্র জমা দিয়েছি। আমার প্রতি ভরসা রাখায় দলের জন্য কাজ করার সুযোগ দেয়ার জন্য তার প্রতি আমি কৃতজ্ঞ।

এনডিটিভি জানিয়েছে, লোকসভা নির্বাচনের আগে রাহুল গান্ধী উত্তর প্রদেশ কংগ্রেসের দায়িত্ব দেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ও বোন প্রিয়াঙ্কা গান্ধীকে। কিন্তু ওই রাজ্যে মাত্র ১টি আসনে জয় পায় কংগ্রেস। সেখানে উত্তর প্রদেশের মোট ৮০টি আসনের মধ্যে ৬২টিতে জয়লাভ করে বিজেপি। এছাড়াও কংগ্রেসের শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত আমেথিতে স্মৃতি ইরানির কাছে হেরে যান রাহুল। এই হারে অস্বস্তিতে পড়ে কংগ্রেস।

পুরো দেশেই ফলাফল খারাপ হয় কংগ্রেসের। ৫৪৩টি আসনের মধ্যে মাত্র ৫২টি আসনে জয়লাভ করে কংগ্রেস। পরাজয়ের দায় কাঁধে নিয়ে কংগ্রেসের সভাপতির পদ থেকে সরে দাঁড়ান রাহুল গান্ধী।